সোনালী পাঠ

৪'৪

৯৩৬



আশা বুক এজেন্সী

সোনালী পাঠ

(প্রথম ভাগ)

আলপনা দেবী



আশা বুক এজেন্সী
৮এ, কলেজ রো কলিকাতা-৯

প্রচ্ছদ ও অলঙ্করণ— রাধাকৃষ্ণ চক্রবর্তী

স্বরবর্ণ

অ




অ অতল জলে জাহাজ ভাসে



আ

আ আমটি দেখে বুবাই হাসে




ই

ই ইট দিয়ে হয় দালান কোঠা

ঈ



ঈ ঈগল পাখির ঠোঁটটি মোটা



উ উজান-গাঙে চলছে তরী



ঊ ঊষার আলোয় নয়ন ভরি



ঋ ঋষি সাজান পূজার ডালি





ঌ ঌ-কার যেন কাঠ বেড়ালি




এ এক্কা ছোটে, উড়ছে ধূলো





ঐ ঐরাবতের কান তো কুলো



ও ওজন করো হিসাব বুঝে





ঔ ঔষধ খাও চোখটি বুজে

স্বরবর্ণ

অ	আ	ই	ঈ
উ	ঊ	ঋ	ঌ
এ	ঐ	ও	ঔ





ক

ক কলমটা দাও কবির হাতে

খ

খ খরগোশটা খেলায় মাতে

গ


গ গাধার পিঠে বোঝার ভার

ঘ

ঘ ঘোড়ায় চড়ে ঘোড়-সওয়ার



ঙ ঝোলে গাছের ডালে



চ চিতল রাঁধো ঝোলে-ঝালে



ছ ছাতা খাটাও মেঘ-বাদলে





জ জটা শিবের মাথায় ঝোলে

ঝ



ঝ ঝাঁটা লাগাও, ময়লা কত

ঞ ঞ

ঞ ঞ-র পিঠটা বোঝার মত



ট

ট টাকে ভরা দাদুর মাথা



ঠ

ঠ ঠাকুরমায়ের নক্‌সী কাঁথা



ড

ড ডুমুর দোলে থোকা থোকা



ঢ

ঢ ঢোলটা বাজায় ওদের খোকা

ণ




ণ মূর্ধণ-এর ঘাড়টা বাঁকা



ত

ত তবলা বাজান রামুর কাকা



থ

থ থুথু ফেলো জায়গা বুঝে

দ

দ দশভুজায় সবাই পূজে

ধ

ধ ধনে পাতার চাটনি খাও

ন

নতুন জামা রামকে দাও

প



প পায়রা ডাকে বক্-বকম্



ফ

ফ ফজলি আমের দাম কি কম?

ব



ব বাবুই পাখি বুনছে বাসা

ভ




ভ ভালুকটা নাচ দেখায় খাসা

ম

ম ময়াল সাপ বেজায় মোটা






য

য যাঁতায় কলাই রয় না গোটা

র

র রবির আলোয় দিন যে আসে






ল

ল লাঙল, জানি, লাগেই চাষে

ব

ব বাজ-বিজুলী চমকে যায়






শ

শ শামুক ওঠে গাছের গায়

ষ

ষ ষাঁড় খায় যে ঘাস





স

স সাবান মাখেন হরেন দাস

হ



হ হনুমানের লেজটি ঝোলা



ঢ়

ঢ় ঢ-এ শূন্য ঢ় গাড়-য় রয়




ৎ

ৎ (খণ্ড ত) ৎ ভুলোর লেজে



ঃ

ঃ (বিসর্গ) ঃ-র পেট মাথা গোল





ড়

ড় ড-এ শূন্য ড় পালটি তোলা



য়

য় অন্ত স্থ্ য়-এ ভয় যে হয়



ং

ং (অনুস্বার) ং রয় সঙটি সেজে



ঁ


(চন্দ্রবিন্দু) ঁ চাঁপায় তোল


ব্যঞ্জনবর্ণ

ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
য	র	ল	ব	শ
ষ	স	হ	ড়	ঢ়
য়	ৎ	ং	ঃ	ঁ

অ-কার যোগে

[ক + অ = ক, খ + অ = খ]




কলম


কলস


অজগর

পড় :

ঘর চল। যত মত, তত পথ। কলম ধর। খড়ম পর।

'ক' দিয়ে কর, 'খ' দিয়ে খল, 'গ' দিয়ে গম

এবার তুমি বল আর লেখ :
ঘ দিয়ে——, চ দিয়ে——, ছ দিয়ে——

কত অজ, অত গজ
ঝড়, ঘর চল্,
কলম ধর, খড়ম পর
গরম কর জল



আ-কার যোগে (া)

[ক + া = কা, খ + া = খা, গ + া = গা]







আজ আখ আন   কাশ কাজ ঢাক   চাকা টাকা কাকা







কার খাবার ?   বাবার খাবার।   আকাশ আর পাহাড়

কারবার   বারবার   আলাপন   পারাপার

বারবার পারাপার কর। পাকা আনারস আন

কাকার খাতা, দাদার আতা
আমার ছাতা লাল,
ঢাকার মামার মজার জামা
আবার পর কাল



‘ক’ দিয়ে **কান**, ‘গা’ দিয়ে **গান**

এবার তুমি বল আর লেখ:


চা দিয়ে——,   ছা দিয়ে——,   জা দিয়ে——

ই-কার যোগে (ি)

ক + ি = কি, খ + কি = খি, চ + ি = চি]







বিল তিল খিল

হিম নিম তিন

মিশি নিশি পিসি







শিবির শিশির

জিলিপি তিমির

শিকল বিকল

নীচের এলোমেলো অক্ষরগুলো থেকে এদের খুঁজে বার কর :

শিবির, নিশির জিলিপি বিড়াল

নি র র শি জি ড়া বি পি ল শি লি শি

দিদি খায় পান তিন খিলি,
চিঠি লিখি আমি আর লিলি।
শিশির জিলিপি খায় কিনি,
পিসিমার তিনখানি গিনি।



বি' দিয়ে **বিল,** 'তি' দিয়ে **তিল**

এবার তুমি বল আর লেখ :

খি দিয়ে——, জিঁ দিয়ে——, চি দিয়ে——

ঈ-কার যোগে (ী)

[ক + ী = কী, গ + ী = গী, দ + ী = দী]




নীড় দীন শীত




গীতা ধীরা পীড়া



ধরণী শরীর



ভীষণ ধীবর



জীবন পীড়িত



গভীর ধরণী

নীচের এলোমেলো অক্ষরগুলো থেকে এদের খুঁজে বার কর :

জীবন ভীষণ গভীর ধীবর

গ ণ ষ ভী ন জী ভী ধী ব ব র র

গীতা খায়, সীতা ধীর
বীণাটি বাজায়,
পাখী ভাগীরথী তীরে
নীড়টি সাজায়



'দী' দিয়ে দীন, 'গী' দিয়ে গীত

এবার তুমি বল আর লেখ :

ভী দিয়ে——, নী দিয়ে——, বী দিয়ে—— ।

উ-কার যোগে (৭)

[ক + ু = কু, খ + ু = খু, চ + ু = চু]


উট


ফুল


খুকু


চুল


দুল

ভুলু দুখু টুকু   ভুল দুল খুব   দুধ চুপ ডুব   কাকুর ঠাকুর।   খুকুর পুতুল।

পড় :

কুল কুল নদী বয়। তুনতুন গুনগুন গায়। ভালুক শালুক খায়।



খুকুর পুতুল নূপুর পায়,
বুকুর কুকুর দুধটি খায়।
তালুকদারের শালুক ওই,
রাজার মাথায় মুকুট কই ?

নীচের এলোমেলো অক্ষরগুলো থেকে খুঁজে বার কর :

ঠাকুর   পুতুল   ভালুক   তালুক

তা পু তু র কু ঠা লু ভা ক ক লু ল

উ-কার যোগে (৮)

[ক + ূ = কূ, র + ূ = রূ, শ + ূ =শূ]


ভূত


ধূপ


মূলা


নূপুর


ময়ূর

কূল মূল কূপ   রূপ ভূত সূত   ধূনা গূঢ় রূপা   নূতন নূপুর   অরূপ শূকর

পড় :   খুকুর নূতন নূপুর। ঊষার অপরূপ রূপ। নববধূ অপরূপা।

ঠিক করে সাজাও :

রময়ূ = ময়ূর   ণপূর = পূরণ

লশিমূ   পরূঅ   রনূপু   তননূ   ণভূষ   রশূক   রষঊ   আলমূ



ঊষা, তুমি পূজা কর
ধূপ-ধূনা নাও,
নূতন নূপুর চাই
রূপাটুকু দাও।

ঋ-কার (ৃ)

[ক + ৃ = কৃ, ব + ৃ = বৃ, হ + ৃ = হৃ]


বৃষ


মৃগ


নৃপ


কৃষক


কৃপাণ

কৃশ তৃণ ঋণ কৃপ কৃত মৃত বৃত ঘৃত হৃদ বৃষভ পৃথক সৃজন পৃথক

এলোমেলো অক্ষরগুলো থেকে এদের খুঁজে বার কর :

পৃথক শৃগাল কৃপণ

ল পৃ কৃ ণ প গা থ শৃ ক



কৃশ বৃষ তৃণ খায়
পুকুরে মৃণাল,
কৃষক চলিল মাঠে
ছুটিল শৃগাল ।

পড় : পরভৃত কোকিলকে বলে । পরভৃৎ কাকের নাম । সে অনাদৃত । মৃণালিনী গীতামৃত পড়ে ।

এ-কার যোগে (ে)

[ক + ে = কে, খ + ে = খে, গ + ে = গে]


মেষ


মেঘ


ভেক


ছেলে


মেয়ে

দেশ বেশ শেষ বেগ লেপ বেল খেল তেল ঠেল শেষের মেয়ের মেঘের দেশের

জোড়ায় জোড়ায় অক্ষর বদল করে শব্দ গড়া :

ভেপ লেক ছেয়ে মেলে

দেষ শেশ । বেল রেগ । মেল তেঘ





ছেলেমেয়ে বনে বনে
খেলে দলে দলে,
বেলা শেষে হেসে হেসে
বাড়ি ফিরে চলে

পড় : ছেলেমেয়ে বনে বনে খেলা করে । থরে থরে গাছে গাছে ফুল ফুটেছে । হরেক ফুলের মেলা ।

ঐ-কার যোগে (ৈ)

[ক + ৈ = কৈ, খ + ৈ = খৈ, ভ + ৈ = ভৈ]











তৈল জৈন বৈধ নৈশ শৈব হৈম দৈব পৈঠা জৈব দৈনিক পৈতৃক কৈকেয়ী গৈরিক

এলোমেলো অক্ষরগুলো থেকে এদের বার কর :

সৈনিক বৈরাগী ঐরাবত

ত বৈ গী সৈ ঐ নি রা রা ব ক

জোড়ায় জোড়ায় অক্ষর বদল করে শব্দ গড়া :

দৈ রাগী বৈ নিক

বৈকেয়ী কৈকাল। নৈতিজা শৈলক



সৈনিক দৈনিক বৈকালে আসে,
শৈল বৈঠা বেয়ে যায় অনায়াসে।
হৈম তৈল মাখে পৈঠায় বসে,
ভৈরব দৈ মাখা আঙুলটা চোষে।

ও-কার যোগে (ো)

[ক + ো = কো, খ + ো = খো, গ + ো = গো]









কোণ গোণ গোল বোকা থোকা ঘোল বোল দোল তোল খোকন দোলন

পড় : খোকার পোকার ভয়। থোকায় থোকায় ফুল। খোকন দোকান যায়।

জোড়ায় জোড়ায় অক্ষর বদল করে শব্দ গড়া :

মোরল বোতগ

দোকাক ঢোলন। কোদাক গোলল। কোকিন খোকল



খোকা আর ভোলা খায় ছোলা
মোরগের লেজ নয় ঝোলা।
গোলক গোলোক—এক নয়,
খোকা পোকা দেখে খায় ভয়।

ঔ-কার যোগে (ৌ)

[ক + ৌ = কৌ, গ + ৌ = গৌ, ল + ৌ = লৌ]


কৌটা


নৌকা


দৌড়


মৌমাছি


মৌচাক

চৌকা গৌর ফৌজ লৌহ সৌর চৌথা মৌজা মৌল পৌষ দৌলত মৌতাত

পড় : চৌকা কৌটা লও। গৌর দৌড় লাগায়। লৌহ বড় কঠিন। গৌতম কৌশল জানে। মৌমাছি মৌচাক গড়ে।

পাশে একটি অথবা দুটি অক্ষর বসিয়ে শব্দ গড় :

নৌ		মৌ	চা		চৌ	া		সৌ		মৌ		

পৌষ মাসে চৌধুরীরা
নৌকা চড়ে যান,
চৌ-কোণা এক কৌটা থেকে
বৌমারা পান খান।



ৎ (খণ্ডত) যোগে

[ব + ৎ = বৎ, স + ৎ = সৎ]


শরৎ


জগৎ

অসৎ জগৎ বৃহৎ হঠাৎ উৎস ঝণাৎ

অসৎ লোক। জগৎ হঠাৎ আসিল। দরজায় ঝনাৎ শব্দ হইল।

শরৎকাল, হঠাৎ হঠাৎ
মেঘ জমলেই জল,
জগৎপুরে উৎসব, তাই
হয় যে কোলাহল



ং (অনুস্বার) যোগ

[ক + ং = কং, র + ং = রং]







উৎসবে অংশ নাও। শংকা করিও না। লংকার নাম সিংহল। সিংহ খুব হিংস্র।

বংশীর বয়স বিংশতি বৎসর।



কিংশুক মানে পলাশের ফুল
হিংসুক মানে জানি,
বংশ মানে যে বাঁশ, তা তো জানো
বংশী মানেতো বাঁশি।

ঃ বিসর্গ যোগে

[ক + ঃ = কঃ, খ + ঃ = খঃ]

অধঃ দুঃখ নিঃস্ব দুঃসময় পুণঃপুণঃ
অধঃপতন দুঃসাহস শিরঃপীড়া দুঃখিত



দুঃখীরামের দুঃখ খুব
নিঃস্ব সে যে বড়,
পুণঃপুণঃ শিরঃপীড়া
হলে তা দূর কর

ঁ চন্দ্র বিন্দু যোগে

[ক + ঁ = কঁ, চ " ঁ = চঁ]

ফাঁদ কাঁধ ছাঁদ পাঁক ফাঁক বাঁক ফাঁস বাঁশ ডাঁটা

পড় : তেঁতুল গাছের ফাঁকে চাঁদ উঠেছে। বাঁদর দাঁত বার করে। কাঁঠাল গাছে ইঁদুর। ইঁদুর সিঁদুর পরে না।



বাঁকা চাঁদ আকাশেতে
উঁকি দিয়ে যায়,
সাঁঝ বেলা চাঁদমণি
শাঁখটি বাজায়।


আগে একটি করে অক্ষর বসাও :

	দ র		ঠা	ল		ধ্	ন			

নিজে কর, পড় আর লেখ

নীচের ছবিগুলিতে একটু ভুল আছে। তা খুঁজে বার কর :







ছবির ভুলগুলো নীচে লেখ :

কিসের ছবি নীচে লেখ :






ভুল লেখা আছে। ঠিক করে বল :

ছাতা পর। জুতা খাটাও। বই লেখো। খাতায় পড়। গরুর জল। পুকুরের দুধ।

সোনালী পাঠ



Published By
Jharna Datta
8A College Row. Calcutta-9

PRINTED AT G.B.T. PRINTERS, LAKE TOWN

Price- 5/-

আশা বুক এজেন্সী

১